

জানায়ার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানায়ার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন

রচয়িতা/সম্প্রকাশকঃ শাইখ মুহাম্মদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

৭: জানায়ার ছালাত পড়ানোর ক্ষেত্রে কে বেশী উত্তম? ইমাম নাকি মৃতের অভিভাবক?

যদি কারো জানায়ার ছালাত মসজিদে পড়া হয়, তাহলে মসজিদের ইমাম বেশী উত্তম। কেননা রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেন, ‘কেউ কারো কর্তৃত্বের স্থলে ইমামতি করবে না’।[1] কিন্তু মসজিদ ছাড়া অন্য কোথাও যদি তার জানায়া হয়, তাহলে মৃতের অছিয়ত প্রাপ্ত ব্যক্তিই জানায়া পড়ানোর ক্ষেত্রে উত্তম। তবে যদি তার অছিয়ত প্রাপ্ত কেউ না থাকে, তাহলে তার নিকটতম ব্যক্তি উত্তম হিসাবে বিবেচিত হবে।

ফুটনোট

[1]. মুসলিম, ‘মসজিদসমূহ’ অধ্যায়, হা/৬৭৩।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=1664>

১ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন